



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২০/১০১/৮

তারিখ: ০৩ মার্চ ২০২১খ্রি.


বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চ প্রদত্ত ভাষণের দিবসটিকে জাতীয় পর্যায়ে 'ঐতিহাসিক ৭ মার্চ দিবস' উদ্‌যাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চ প্রদত্ত ভাষণের দিবসটিকে জাতীয় পর্যায়ে 'ঐতিহাসিক ৭ মার্চ দিবস' হিসেবে উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসসমূহে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ক্র: নং	কর্মসূচি
০১	'ঐতিহাসিক ৭ মার্চ' দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে উক্ত দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ৭ মার্চের ভাষণ সকাল ১০ টায় অনলাইন মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
০২	'ঐতিহাসিক ৭ মার্চ' দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৭ মার্চ এর ভাষণের উপর ভিত্তি করে বীর মুক্তিযোদ্ধাদের সম্পূর্ণ করে সকাল ১১টা থেকে অনলাইনে আলোচনা অনুষ্ঠান আয়োজন।
০৩	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চ-এর ভাষণ উপলক্ষ্যে প্রতিযোগিতার আয়োজন। ৭ মার্চ ২০২১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় এ দিবসকে কেন্দ্র করে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম চালুর পরে সুবিধাজনক যে কোন দিনে বিভাগ ভিত্তিক এ কার্যক্রম অনুষ্ঠিত হবে। ক (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি) ও খ (নবম ও দশম শ্রেণি) বিভাগের শিক্ষার্থীরা বাংলায় এবং গ (একাদশ ও দ্বাদশ শ্রেণি) ও ঘ (স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি) বিভাগের শিক্ষার্থীরা ইংরেজি ভাষায় ভাষণ উপস্থাপন করবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান নিজ উদ্যোগে এ কার্যক্রম পরিচালনা করবে। প্রত্যেক বিভাগে শ্রেষ্ঠ তিনজন ভাষণদানকারীকে শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুরস্কৃত করা হবে।
০৪	'ঐতিহাসিক ৭ মার্চ' জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিকাল ৩.০০ টায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় অনুষ্ঠানটি অনলাইনে যুক্ত হয়ে শিক্ষার্থীরা উপভোগ করবেন। কেন্দ্রীয় অনুষ্ঠানের আগে/পরে প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব অনুষ্ঠান আয়োজন করবে।
০৫	'ঐতিহাসিক ৭ মার্চ' দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করবে।

উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এছাড়া উল্লিখিত আয়োজনের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠান নিজস্ব উদ্যোগে 'ঐতিহাসিক ৭ মার্চ' উদ্‌যাপন উপলক্ষ্যে যে কোন অনুষ্ঠান স্বাস্থ্য বিধি মেনে আয়োজন করতে পারবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।


প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (তঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৫। অধ্যক্ষ (সরকারি/বেসরকারি সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)
- ০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল) অঞ্চল (তঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৭। জেলা শিক্ষা অফিসার (সকল), (তঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ০৮। প্রধান শিক্ষক (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
- ০৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (তঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১১। সংরক্ষণ নথি।